# আ. লীগের কার্যক্রমে নিষেধাজ্ঞা রেখে সন্ত্রাসবিরোধী আইন সংশোধনী পাস



জাতীয় সংসদ অধিবেশন। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদে সন্ত্রাসবিরোধী আইনের সংশোধনী অধ্যাদেশ বিল-২০২৬ অনুমোদন দেওয়া হয়েছে, যেখানে আওয়ামী লীগের কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা বহাল রাখা হয়েছে। বুধবার (৮ এপ্রিল) অনুষ্ঠিত অধিবেশনে বিলটি পাস হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দীন আহমদ বিলটি সংসদে উপস্থাপন করেন। আলোচনা শেষে কণ্ঠভোটে সর্বসম্মতিক্রমে এটি গৃহীত হয়। নতুন এই আইনের ফলে সরকার এখন কোনো ব্যক্তি, সংগঠন কিংবা রাজনৈতিক দলকে সন্ত্রাসে জড়িত থাকার অভিযোগে নিষিদ্ধ ঘোষণা করতে পারবে। পাশাপাশি নিষিদ্ধ সংগঠনগুলোর কার্যক্রম অনলাইন বা সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারেও নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

আইনে আরও বলা হয়েছে, কোনো নিষিদ্ধ সংগঠন বা দলকে অর্থায়ন, আশ্রয় বা অন্য কোনো সহায়তা প্রদান করলে কঠোর শাস্তির মুখোমুখি হতে হবে।

এদিন সকাল ১১টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ (বীর বিক্রম)-এর সভাপতিত্বে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের কার্যক্রম পুনরায় শুরু হয়।

উল্লেখ্য, অন্তর্বর্তী সরকার গত বছরের ১১ মে সন্ত্রাসবিরোধী আইন সংশোধনের লক্ষ্যে একটি অধ্যাদেশ জারি করে, যা পরে গেজেট আকারে প্রকাশিত হয়। সে সময় সংসদ কার্যকর না থাকায় সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে রাষ্ট্রপতি এই অধ্যাদেশ জারি করেন। পরবর্তীতে তা আইন হিসেবে কার্যকর করার জন্য সংসদে উপস্থাপন করা হয়।